# গরম কাজের নীতিমালা
## Hot Work Policy

**১.০ উদ্দেশ্য এবং প্রয়োগঃ**

**১.১ উদ্দেশ্যঃ** অগ্নিকান্ড বা উল্লেখ্যযোগ্য তাপ উৎপাদনের সম্ভাবনা রয়েছে এমন কাজের ফলে সৃষ্টি অগ্নি বিপদগুলি নিয়ন্ত্রণের জন্য কোম্পানীর নাম কর্তৃপক্ষ একটি প্রোগ্রাম এবং পদ্ধতি স্থাপন করেছে।

**১.২ প্রয়োগঃ** উক্ত নীতিমালা সমস্ত এস,সুহি ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিঃ এর কর্মকর্তা, কর্মচারী এবং ঠিকাদার যারা কারখানার ভিতরে নির্মাণ বা রক্ষণাবেক্ষণের কাজ সম্পাদন করে তাদের উদ্দেশ্যে প্রনয়ন করা হল। কোম্পানীর নাম কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, এই নীতিমালা নিম্নলিখিত নির্মাণ বা রক্ষণাবেক্ষণ কাজ জুড়ে থাকবে, যেমনঃ-

- ওয়েল্ডিং এবং সংযুক্ত প্রক্রিয়া।
- হিট ট্রিটিং।
- গ্রাইন্ডিং।
- নল পাইপ।
- স্পার্ক, শিখা বা তাপ।

**২.০ শব্দ সংক্ষেপ, আদ্যক্ষরসমষ্টি এবং সংঙ্গাঃ**

**২.১ শব্দ সংক্ষেপ বা আদ্যক্ষরসমষ্টিঃ**

এম.এস.ডি.এসঃ মেটারিয়াল সেইফটি ডাটা সিট।

ও.এস.এইচ.এ- পোশাদারী নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন।

সেইফটি অফিসার- ব্যক্তিগত অনুমোদন।

**২.২ সংঙ্গাঃ**

**গরম কাজঃ** যে কোন গরম কাজ, যেমনঃ ওয়েল্ডিং, ব্রেজিং, কাটিং, স্পার্ক, অত্যধিক তাপ বা উন্মুক্ত অগ্নিকান্ড সৃষ্টি করে বা এটির আগুনের বিপত্তি তৈরির জন্য সুপারভাইজারদের দ্বারা বিবেচনা করা যেতে পারে।

**মনোনিত এলাকাঃ** নিয়মিতভাবে হট ওয়ার্ক কাজের জন্য পরিকল্পিত বা অনুমোদিত একটি স্থায়ী বা অস্থায়ী জায়গা নির্ধারণ করে দেওয়া।

**হট ওয়ার্ক অনুমোদনঃ** একটি নির্দিষ্ট কর্যকলাপ অনুমোদের উদ্দেশ্যে ইস্যুকৃত কোন কাগজপত্র প্রদান করা।

**সেইফটি অফিসারঃ** হট ওয়ার্ক কাজের অনুমোদন হয়ে গেলে, অনুমোদন ফরর্মের চেকলিস্টটি ব্যবহার করে গরম কাজ শুরু কারার আগে, হট ওয়ার্ক এলাকা পরিদর্শন করবেন। পরিদর্শন শেষে সেইফটি অফিসার যদি চেকলিষ্ট অনুযায়ী হট ওয়ার্ক কাজের এলাকায় সব কিছু ঠিকঠাকে তাহলে, সেইফটি অফিসার কাজের অনুমোদন দিবে, সেইফটি অফিসারের অনুমোদন ব্যতিত কেউ কাজতে পারবেন না।

**৩.০ ভূমিকা এবং দায়িত্ব-কর্তব্যঃ**

**৩.১ ব্যাবস্থাপকঃ**

- ফ্যাক্টরীতে সেইফটি অফিসার নিয়োগের সময় অবশ্যই সেইফটি অফিসারের কাজের বিবরণীর মধ্যে হট ওয়ার্ক মনোনিত ব্যক্তি হিসেবে রাখা।
- শুধুমাত্র অনুমোদিত সরঞ্জাম ব্যবহার করা হয়, তা নিশ্চিত করা।
- হট ওয়ার্ক কাজের সাথে জরিত সকল কর্মকর্তা, কর্মচারী এবং ঠিকাদার এর ব্যক্তির কাছে কোম্পানীর নাম এর হট ওয়ার্ক কাজের নীতিমালা সম্পর্কে জানানো এবং সচেতন করা।
- হট ওয়ার্ক অপারেশনগুলিতে জড়িত সমস্ত ব্যক্তি তাদের ব্যক্তিগত নিরাপত্তা এবং তাদের কাজের সরঞ্জামের নিরাপদ ব্যবহার সম্পর্কে প্রশিক্ষন দেওয়া এবং এই ব্যক্তিরা আগুনের ঝুঁকি সম্পর্কে

জানানো এবং আগুনের ঘটনায় জরুরী বিষয়গুলি তাদেরকে জানাতে হবে, যাতে তারা সচেতন থাকতে পারে।

**৩.২ নিরাপত্তা কর্মকর্তাঃ**

- সাইটে নির্দিষ্ট অগ্নিদাহ্য উপকরন, বিপদজনক প্রসেস বা বর্তমান অবস্থানে উপস্থিত বা সম্ভাব্য অন্যান্য অগ্নি বিপদ নির্ধারণ করা।
- হট ওয়ার্ক এলাকায় দাহ্য বস্তু সরিয়ে রাখুন এবং অন্তত ১০ ফিট দূরে রাখুন এবং যদি সমান্য পরিমানে দাহ্য বস্তু থাকে তাহলে সেইভাবে হট ওয়ার্ক এর কাজের সময় নির্ধারন করা।
- অগ্নি সুরক্ষা এবং অগ্নি সরঞ্জাম সাথে রাখা এবং এমনভাবে রাখা হয় যাতে সহজেই পাওয়া যায়।
- হট ওয়ার্ক এমন জায়গা নির্ধারন করা, যেখানে পর্যাপ্ত পরিমান ধোঁয়া এবং অগ্নিগোলক সহজেই নিষ্কাশন হতে পারে।
- হট ওয়ার্ক এর জন্য দৈনিক পর্যোবেক্ষণ করা এবং নিরাপত্তা নিশ্চিত করা।
- হট ওয়ার্ক কাজ শুরু হওয়ার পর পুনঃরায় ১ ঘন্টা পর হট ওয়ার্ক এলাকায় পরিদর্শন করা এবং দিনে অন্তত তিন বা চার বার পরিদর্শন করা।
- হট ওয়ার্ক অনুমোদন নথিভূক্ত করুন এবং অনুমোদনের সমস্ত নির্দেশিকা সরবারহ করুন।
- হট ওয়ার্ক এরিয়ায় হট ওয়ার্কের নির্দেশনাবলি পোষ্ট আছে কি না তা দেখা।
- হট ওয়ার্ক এরিয়ায় কোথাও ছোটখাটো আগুন সঞ্চালিত হয়, ১০ ফিটের নিচে এমন কোন দাহ্য বস্তু আছে কিনা ও ১০ফিটের বেশি কিন্তু এমন দাহ্য বস্তু যা আগুন জলতে সাহায্যে করে তা দেখা এবং প্রাচীর বা মেঝে, পার্টিশন, দেওয়াল, সিলিং বা ছাদের উপরে এমন কোন দাহ্য বস্তু আছে কি না তা দেখা।

**৩.৩ ঠিকাদারঃ**

- কোম্পানীর নাম এর মধ্যে হট ওয়ার্ক কাজ করার জন্য অবশ্যই ঠিকাদারকে কাজের অনুমোদন নিতে হবে।
- ঠিকাদার এবং তাদের কর্মচারীরা এস.সুহি ইন্ডস্ট্রিয়াল পার্ক লিঃ- এর হট ওয়ার্ক নীতিমালা সম্পর্কে অবগত করা এবং তা নীতিমালা অনুসরন করে কাজ করছে কিনা তা দেখা।
- দাহ্যবস্তু কাজের কাছাকাছি কোথাও নেয় তা নিশ্চিত করা।
- ঠিকাদার এবং কর্মচারী হট ওয়ার্ক ব্যক্তিগত সরঞ্জামাদি ব্যবহার করছে কি না তা দেখা এবং তাদের জীবন বিপন্ন এবং এস.সুহি ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিঃ এর সম্পত্তি বিপন্ন করছে কি না তা দেখা।
- হট ওয়ার্কের জন্য নিরাপদ কর্মক্ষমতা এবং অনুমোদনের সতর্কতাগুলি অনুসরন করছে কিনা তা দেখা।
- যদি হট ওয়ার্কার পরিবর্তন হয় তাহলে অনুমোদন নিয়ে কাজ করাতে হবে।

**৩.৪ নিজস্ব প্রতিষ্ঠানের কর্মচারীঃ**

- কোম্পানীর নাম এর মধ্যে হট ওয়ার্ক কাজ করার জন্য অবশ্যই কাজের অনুমোদন নিতে হবে।
- এস.সুহি ইন্ডস্ট্রিয়াল পার্ক লিঃ- এর হট ওয়ার্ক নীতিমালা সম্পর্কে অবগত করা এবং তা নীতিমালা অনুসরন করে কাজ করছে কিনা তা দেখা।
- দাহ্যবস্তু কাজের কাছাকাছি কোথাও নেয় তা নিশ্চিত করা।
- কর্মচারীরা হট ওয়ার্ক ব্যক্তিগত সরঞ্জামাদি ব্যবহার করছে কি না তা দেখা এবং তাদের জীবন বিপন্ন এবং এস.সুহি ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিঃ এর সম্পত্তি বিপন্ন করছে কি না তা দেখা।

**৩.৫ ফায়ার ওয়াচঃ**

- আগুন, অগ্নি তীব্রতা অথবা অন্যান্য দাহ্য বস্তু লক্ষণ করা।
- কাজের সাইট এবং হট ওয়ার্ক কাজের সাইটে বিপদ সম্পর্কে সচেতনমূলক নির্দেশনা দেওয়া।
- হট ওয়ার্ক কাজের সময় নিরাপদ পরিবেশ বজায় রাখা এবং অনিরাপদ হলে হট ওয়ার্ক কাজ বন্ধ করে দেওয়া হয় এবং তা নিশ্চিত করা হয়।

- অগ্নি নির্বাপন সরঞ্জাম সহজেই পাওয়া যায় তা নিশ্চিত করা হয় এবং তার ব্যবহারের প্রশিক্ষণ দেওয়া হয়।

## ৪.০ হট ওয়ার্ক কার্য্যক্রমঃ

**৪.১ কাজের আগেঃ** হট ওয়ার্ক কার্যক্রমে একটি অনির্ধারিত স্থানে শুরু করার আগে, একটি সম্পূর্ণ হট ওয়ার্ক অনুমোদন পত্র দেওয়া হয়। যা কাজ শুরু করার ৪৮ ঘন্টা আগে দেওয়া হয়। কোম্পানীর নাম এর মধ্যে কোন প্রকার হট ওয়ার্ক এর কাজ করলে তা অবসই অনুমোদন নিয়েই কাজ করতে হবে। হট ওয়ার্ক কাজ শুরু করার আগে যে কাজগুলো কোম্পানীর নাম এর সেইফটি অফিসার দ্বরা নিয়ন্ত্রন করে আসছে তা নিম্নে দেওয়া হলঃ

- ওয়েল্ডিং সরঞ্জাম, হিট ট্রিটিং সরঞ্জাম, গ্রাইন্ডিং সরঞ্জাম, ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম এবং অগ্নি নিরাপত্তা সরঞ্জাম অবশ্যই সন্তোষজনক কার্যক্রম অবস্থায় রাখা হয়।
- কোন কাগজ, কাঠের গুড়া এবং অন্যান্য দাহ্য বস্তু মেঝে থেকে পরিষ্কার করে ও অন্তত হট ওয়ার্কে এরিয়ার ১০ ফিটের মধ্যে পরিষ্কার করে তার বাহিরে রাখা হয়।
- অনেক সময় হট ওয়ার্ক কাজ করার সময় দেখা যায় যে কংক্রিটের কাঠের উপর অগ্নি স্ফুলিঙ্গ পরে, তাহলে সাথে সাথে সেই কাঠ এমনভাবে ভিজিয়ে দেওয়া হয় যাতে অগ্নি স্ফুলিঙ্গ সাথে সাথে নিভিয়ে যায় এবং কাঠে কোন প্রকার অগ্নিকান্ড না ঘটতে পারে সেটা নিশ্চিত করা হয়।
- যদি কখন ওয়েল্ডিং বা কাটিং সরঞ্জামাদি এর নিচে ফ্লোর ভেজা থাকলে তা অবশ্যই বালি দেওয়া হয় যাতে কেউ শক না পায়।
- যদি এমন কোন দাহ্য বস্তু সরানো না যায় সেক্ষেত্রে হট ওয়ার্ক কাজের স্থানে অ-দহনযোগ্য বা অগ্নি প্রতিবন্ধক করে নিরাপত্তা নিশ্চিত করে কাজ করা হয়।
- দেয়াল, পার্টিশন, সিলিং, বা ছাদে হট ওয়ার্ক কাজ করা হয়, তাহলে সেখানে অগ্নি প্রতিরোধ সুরক্ষা সরঞ্জামাদি সরবারহ করা হয়।
- হট ওয়ার্ক এরিয়ায় পর্যাপ্ত পরিমানে অগ্নি নির্বাপন যন্ত্র এবং অগ্নি সুরক্ষা রাখা হয়। যদি কোন অগ্নি ডিটেকশন বা স্প্রিংকলার কাছে হট ওয়ার্ক এর কাজ করা হয়, তাহলে উপরের দিকে এমনভাবে ভিজা কাপড় রাখা হয় যাতে ডিকেশন বা স্প্রিংকলার কোন ডিটেক্ট না করতে পারে, কাজ শেষ হলে কাপড় সরিয়ে ফেলা হয়।
- খোলা যায়গা ব্যতিত অন্য কোথাও হট হয়ার্ক কাজ চলাকালীন অগ্নি সনাক্তকরণ বা দমন সিস্টেমগুলি দূর্ঘটনা এড়ানোর জন্য বিশেষভাবে সতর্কতা গ্রহন করা হয়ে থাকে।
- কাছাকাছি কর্মী যারা থাকে তারা তাপ, স্পার্ক এবং ধাতুমল রক্ষা করা হয়।

**৪.২ নিষেধাজ্ঞাঃ** হট ওয়ার্ক কার্যক্রমে শর্তাবলী সংশোধন না হওয়া পর্যন্ত নিম্নোক্ত এলাকায় হট ওয়ার্ক কাজের অনুমতি দেওয়া হয় নাঃ

- বিস্ফোরক বায়ুমন্ডলের উপস্থিতি বা এমন পরিস্থিতিতে যেখানে বিস্ফোরক বায়ুমন্ডল অতিরিক্ত মাত্রায় দূষিত, অনুপযুক্ত কাঠ বা দাহ্য পদার্থ বা সরঞ্জামাদিগুলোর মধ্যে বিকাশ ঘটতে পারে এমন যায় হট ওয়ার্ক কাজ করা হয় না।
- দহনযোগ্য ধ্বংসাবশেষ, ময়লা, লিন্ট এবং তৈলাক্ত এলাকায় কাজ করা হয় না।
- উন্মুক্ত স্টোরেজ কাছাকাছি এলাকায় বা এমনভাবে কাজ করা যার স্ফুলঙ্গ অন্যত্র কোন স্টোরেজ এর মধ্যে কাজ করা হয় না।
- কোন একটি পাত্রে, ব্যারেল, ড্রাম বা ট্যাঙ্ক এর ভিতর এমন কোন উপকরণ থাকে যা গরম হওয়ার সাথে সাথে বিষাক্ত ধোঁয়া নির্গত করে, সেসব জায়গায় হট ওযার্ক করা হয় না।
- একটি সীমিত স্থান, স্থান পরিদর্শন করে নিরাপদ না হওয়া পর্যন্ত কোম্পানীর নাম কোন হট ওয়ার্ক এর কাজ করা হয় না।
- বিল্ডিং এর ক্ষেত্রে হট ওয়ার্ক এর কাজের সময় অগ্নি সনাক্তকরণ ব্যবস্থা বন্ধ থাকলে হট ওয়ার্ক এর কাজ করানো হয় না।

- একটি পার্টিশন, দেওয়াল, সিলিং বা ছাদ এ একটি দাহ্য আচ্ছাদন বা নিরোধক এর উপর কাজ করা হয় না।
- পাইপ বা অন্যান্য ধাতু যা দহনযোগ্য নয় বা কোন দেওয়ালে, পার্টিশনে, সিলিং কাজ কারার সময় তাপ প্রবাহিত হয়ে কোন অগ্নি সম্ভাবনা থাকলে সেখানে কাজ করানো হয় না।

**৪.৩ ব্যাক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদিঃ** হট ওয়ার্ক কাজ করার সময় নিম্নক্ত নিরাপাত্তা সরঞ্জামাদি ব্যতিত কাজ করার অনুমোতি দেওয়া হয় না। নিম্নে দেওয়া হলঃ

- পোর্টেবল বা যান্ত্রিক বায়ু চলাচল এর মান পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (ওএসএইচএ) এবং পার্মিশন এক্সপোজার সমীতি (পিইএল) প্রতিষ্ঠিত ধোঁয়া, ধূলার মাত্রা এবং গ্যাসীয় মাত্রা পালন করতে সক্ষম হবে এবং হট ওয়ার্ক বায়ু নিষ্কাশন ও সাধারন বায়ু চলাচল সাভাবিক না পাওয়া যায় তাহলে ধোঁয়া, ধুলো এবং গ্যাসের মাত্রা উচ্চ হয় তাহলে অবশ্যই শ্বাসযন্ত্র ব্যবহার করে কাজ করতে হবে।
- গ্লভস, এ্যাপ্রন বা জ্যাকেট এবং লেদার জুতা পরিধান করে কাজ করতে হবে, যাতে উৎপাদিত তাপ বা বিদ্যুৎ শর্ট থেকে রক্ষা পওয়া যায়।
- সঠিক ফিল্টার প্লেট এবং কভার লেন্স সজ্জিত ওয়েল্ডিং হেলমেট ব্যবহার করে কাজ করতে হবে।
- শ্বাস প্রশ্বাসের সুরক্ষা (উল্লেখ্যঃ এস.সুহি ইন্ডাস্ট্রিয়াল পার্ক লি:- এবং ঠিকাদার এর কোন ব্যক্তি যদি হট ওয়ার্ক এর কাজের সময় যদি কোন প্রকার শ্বাস প্রশ্বাস নিতে কষ্ট হয় তাহলে, তাকে অবশ্যই গ্যাস মাস্ক পরে কাজ করতে হবে এবং যদি শ্বাস প্রশ্বাস নিতে কষ্ট না হয় তাহলে স্বাভাবিক ভাবে কাজ করবে।
- যদি কোন ব্যক্তি আর্চ ওয়েল্ডিং, কাটিং, গ্যাস কাটিং বা অক্সিজেন কাটিং এবং ওয়েল্ডিং কাজ করার সময় অবশ্যই কাভার লেন্স সঠিকভাবে না দেখা যায় এবং গ্লাস সঠিকভাবে পরিষ্কার না হয় বা কোন প্রকার পাঠা বা ছিদ্র থাকে, তাহলে তা দ্বারা কাজ করা যাবে না।

**৪.৪ কাজ শেষ হওয়ার সময়ঃ** হট ওয়ার্ক কাজ করার শেষে ফায়ার সেইফটি অফিসার হট ওয়ার্ক এরিয়া পরিদর্শন করবে, পরিদর্শনে এরিয়া কোন প্রকার বিপদজ্জনক কিছু আছে কি না তা দেখবে, যদি না থাকে তাহলে কাজের অনুমোদন পত্রের নিচে তারিখ এবং সময় দিয়ে স্বাক্ষর দিবে এবং যদি কোন প্রকার যদি বিপদজ্জনক থাকে, তাহলে অবশ্যই নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করে একটি রিপোর্ট তৈরী করে ঠিকাদার বা ফ্যাক্টরীর প্রধানকে জানিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**৪.৫ নির্দিষ্ট হট ওয়ার্ক এর কক্ষঃ** একটি মনোনিত হট ওয়ার্ক কাজ করার জন্য পরিকল্পিতভাবে একটি স্থায়ী কক্ষের ব্যবস্থা গ্রহন করা যাবে। তবে নিম্ন লিখিত শর্ত মেনে হট ওয়ার্ক এর কক্ষের ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- কক্ষটির মধ্যে পর্যাপ্ত পরিমান আলো এবং বাতাস থাকতে হবে।
- এটি অবশ্যই অগ্নি প্রতিরোধ নির্মাণ হতে হবে।
- এটি সম্পূর্ণ এবং উপযুক্ত পৃথককৃত হবে।
- এটির মধ্যে পর্যাপ্ত অগ্নি নির্বাপন যন্ত্র এবং অগ্নি নিরাপত্তা সুরক্ষা রাখতে হবে।
- এটির মধ্যে অগ্নি ডিটেকশন সিস্টেম থাকতে হবে।
- ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি ব্যবস্থা থাকতে হবে।

**৫.০ <u>প্রশিক্ষণঃ</u>** নিম্ন লিখিত বিষয় প্রশিক্ষণ দেওয়া হয়।

- হট ওয়ার্ক কাজের পদ্ধতি এবং গুরুত্ব।
- হট ওয়ার্ক কাজের ব্যক্তিগত সুরক্ষা।
- হট ওয়ার্ক কাজের জন্য অগ্নি ঝুঁকি ও অগ্নি সুরক্ষা সম্পর্কে।
- ওএইচএসএ এর ওয়েল্ডিং, কাটিং এবং ব্র্যাজিং স্ট্যান্ডার্ড (২৯ সিএফআর ১৯১০.২৫২) এবং এনএফপিএ ৫১বি এর স্ট্যান্ডার্ড সম্পর্কে ধারণা দেওয়া।
- কিভাবে ইএইচএস এবং ফায়ার সেইফটি অফিসার এর সহায়তা করতে পারে এমন একটা ব্যাখ্যা।

**উপসংহারঃ** উক্ত নীতিমালা কোম্পানীর নাম কর্তৃপক্ষ যথাযথভাবে পালন করে থাকে এবং উক্ত নীতিমালার উপর কারখানার সকল পরিচালকবর্গ,কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিকদেরকে অবহিত করা হয়ে থাকে।